ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৯৫৮
আগরতলা,২৬ জুলাই,২০২৫

# পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সামাজিক ন্যায়বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে সম্প্রতি জিলা পরিষদের সামাজিক ন্যায়বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সভাপতি খুশবো দেববর্মা (মহলানবীশ)। সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, সংশ্লিষ্ট কমিটির অন্যান্য সদস্য-সদস্যাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের আধিকারিক জানান, বর্তমানে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর রাজ্যের মহিলা ও শিশু সুরক্ষার জন্য কিছু টোল ফ্রি নম্বর চালু করেছে। এই নম্বরগুলির মধ্যে শিশু সুরক্ষার জন্য ১০৯৮, অসহায় মহিলাদের জন্য ১৮১, অসহায় প্রবীণ ব্যক্তিদের জন্য ১৪৫৬৭ এবং নেশায় আসক্ত ব্যক্তিদের মানসিক পরামর্শের জন্য প্রয়োজনে ১৪,৪৪৬ নম্বরে ফোন করার জন্য বলা হয়েছে। এছাড়াও সারা রাজ্যের সাথে পশ্চিম জেলায়ও বিভিন্ন ব্লকের সি.ডি.পি.ও.-দের নেতৃত্বে নির্বাচিত জনপ্রতিনিধিগণ, অঙ্গনওয়াড়ি কর্মীগণ, এন.জি.ও. এবং এলাকার বিশিষ্ট ব্যক্তিদের সক্রিয় অংশগ্রহণের মধ্য দিয়ে জেলার নেশাসক্তদের নেশার কবল থেকে উদ্ধার করে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতামূলক কর্মসূচিতে যুক্ত করা হচ্ছে। তাদের বিভিন্ন কারিগরী শিক্ষারও প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

সভায় পশ্চিম জেলার এস.টি., এস.সি. ও ও.বি.সি. কল্যাণ আধিকারিক জানান, চলতি অর্থবছরে মুখ্যমন্ত্রী জনজাতি বিকাশ যোজনায় ডুকলি ব্লকের ১০ জন জনজাতি সুবিধাভোগীকে ক্ষুদ্র ব্যবসা করার জন্য ১০ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। সভায় উপস্থিত রামকৃষ্ণ মিশনের প্রতিনিধির কাছে রামকৃষ্ণ মিশনে ২০ জন যুবক ও যুবতীকে বিভিন্ন কারিগরী বিদ্যায় প্রশিক্ষণ দেওয়ার প্রস্তাব রাখা হয়।

*****